

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়  
মুজিবনগর, মেহেরপুর।  
ইমেলঃ uaomujibnagar@gmail.com

কৃষিই সমৃদ্ধি

স্মারক নংঃ- ১২.১৭.৫৭৬০.০০২. ১৬.০৪৬.২১.০৪


তারিখঃ-০১/০১/২০২৬ খ্রি.

বিষয়ঃ সতর্কীকরণ বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয়ের আলোকে মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার আওতাধীন সকল শ্রেণীর কৃষকগণকে জানানো যাচ্ছে যে, কতিপয় অসাধু প্রতারক চক্র মুজিবনগর উপজেলার বিভিন্ন গ্রামের কৃষকদের কাছে বিভিন্ন ফসলের প্রণোদনা প্রদানের প্রলোভন দেখিয়ে নগদ টাকাসহ, ব্যাংক একাউন্ট নম্বর, বিকাশ নম্বর ইত্যাদি চাচ্ছে। পরবর্তীতে ব্যাংক একাউন্ট নম্বর/ বিকাশ নম্বর হতে সমুদয় টাকা উত্তোলন করে নিয়ে যাচ্ছে। এমতাবস্থায় সকল কৃষককে সতর্কতা অবলম্বন করে কাউকে কোন প্রকার নগদ টাকা/ একাউন্ট নম্বর/ বিকাশ নম্বর/ নগদ নম্বর প্রদান না করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য উপজেলা কৃষি অফিস, মুজিবনগর হতে সরকার প্রদত্ত সকল প্রকার প্রণোদনা উপসহকারী কৃষি কর্মকর্তার মাধ্যমে বিতরণ করা হয়। প্রয়োজনে আপনার এলাকার উপসহকারী কৃষি কর্মকর্তা অথবা উপজেলা কৃষি অফিস, মুজিবনগরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মেহেরপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মুজিবনগর, মেহেরপুর।
- ৩। অফিস নথি।

  
০২/০২/২০২৬  
(মোঃ আব্দুল মোমিন)  
উপজেলা কৃষি অফিসার  
মুজিবনগর, মেহেরপুর।